# বিপুল উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকের মধ্য দিয়ে অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগের ত্রি–বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

<u>৪১ সদস্যের কমিটি ঘোষণা</u> :

বিপুল উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকের মধ্য দিয়ে সুদীর্ঘ ৮ বছর পর বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার নতুন কমিটি গঠন করা হয়েছে। বিপুল সংখ্যক নেতাকর্মী ও সমর্থকেদর উপস্থিতিতে ৮ই এপ্রিল ২০১২ রবিবার কেন্দ্রিয় ছাত্রলীগের সভাপতি বদিউজ্জামান সোহাগ এবং সাধারন সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে ১ বছরের জন্য ৪১ সদস্য বিশিষ্ট এ কমিটি গঠনের তথ্য জানানো হয়। এ কমিটি গঠন উপলক্ষ্যে গত ১লা এপ্রিল রবিবার সিডনীর অস্ট্রেলীয়ান ন্যাশনাল স্পোর্টস ক্লাবে ত্রি–বার্ষিক সম্মেলন








অনুষ্ঠিত হয়। এই উদযাপনে গৃহিত অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে কেন্দ্রিয় নেতাকর্মীদের সম্বর্ধনা স্মারক প্রদান, আলোচনা সভা , সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক সাধারন সম্পাদক অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ অপু সারোয়ার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রলীগের সাবেক কেন্দ্রিয় সভাপতি লিয়াকত শিকদার। সম্মেলনের উদ্বোধন করেন ছাত্রলীগের বর্তমান কেন্দ্রিয় সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ এবং প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রলীগের কেন্দ্রিয় সাধারন সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম। এছাড়াও বক্তব্য রাখেন সাবেক কেন্দ্রিয় সহ–

**দপ্তর সম্পাদক** (অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ)
**- সিয়াদ মাহমুদ সালমান**

সভাপতি ছাত্রলীগ শাহাজাদা মহিউদ্দিন, সভাপতি অস্ট্রেলিয়া আওয়ামিলীগ ব্যারিস্টার সিরাজুল হক, বঙ্গবন্ধু পর্ষদ ভারপ্রাপ্ত সভাপতি ডঃ রতন লাল কুন্ডু, সম্মেলন কমিটির আহ্বায়ক মোসলেউর রহমান খুশবু, সাবেক সভাপতি অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ সর্দার বেলাল হোসেন, আমিনুল ইসলাম রুবেল, লিটন মাঝি প্রমুখ। উপস্থিত ছিলেন গামা আবদুল কাদের, গাউসুল আলম শাহাজাদা, মোঃ আলী শিকদার, যুবনেতা রবিন, আব্দুল বারেক, শাহজাদ হোসেনসহ সকল শীর্ষ নেতাকর্মীগণ। অনুষ্ঠানে ছিল উপচে পড়া ভীড় ও শ্লোগানের প্রতিধ্বনি। দেশের বাইরে এই প্রথম বারের মতো এতো বিশাল সম্মেলন ও জনসমাবেশ আমন্ত্রিত অতিথি নেতাকর্মীদের মুগ্ধ করে। তাঁরা সকলে সম্মেলন কমিটি তথা সকল নেতাকর্মী ও সমর্থকদের আন্তরিক ধন্যবাদ জানান। আমন্ত্রিত নেতাকর্মীগণ সাত দিন সিডনিতে অবস্থান করেন ও নেতাকর্মী ও সমর্থকদের সাথে সাক্ষাত করেন।






বাংলাদেশ আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগ, অস্ট্রেলিয়া শাখা আওয়ামিলীগ ও অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগের ও যুবলীগ নেতাকর্মীগণের আন্তরিক সহযোগিতা ও সদিচ্ছাই এই ত্রি-বার্ষিক সম্মেলনকে সার্থক করেছে বলে সকলে অভিমত ব্যক্ত করেন।

সম্মেলনে দুটি অধিবেশন অনুষ্ঠিত হয়। প্রথম অধিবেশন শেষে অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগের নতুন কমিটিতে স্থান পেতে সম্ভাব্য প্রার্থীরা মনোনয়ন পত্র দাখিল করেন। অতপর কেন্দ্রিয় ছাত্রলীগের এবং অস্ট্রেলিয়া শাখা আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগের বর্তমান ও সাবেক নেতাকর্মীগণের ১৪ সদস্যবিশিষ্ট এক হাউস কমিটি তিন ঘণ্টা বৈঠক শেষে চূড়ান্ত সিদ্ধান্ত নেন যা ঘোষণা করা হয় ৮ই এপ্রিল ২০১২ রবিবার।

৪১ জনের মধ্যে-

দপ্তর সম্পাদক (অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ)
- সিয়াদ মাহমুদ সালমান

| | |
|---|---|
| <u>সভাপতি</u><br>সহ-সভাপতি | <u>মহিদুজ্জামান সুজন</u><br>সৌরভ হোসেন মাসুম |
| <u>সাধারন সম্পাদক</u><br>যুগ্ম-সাধারন সম্পাদক | <u>আমিনুল ইসলাম রুবেল</u><br>প্রসেনজিৎ চৌধুরী মিকু |
| সাংগঠনিক সম্পাদক | সাইফুল আলম সোহেল |
| দপ্তর সম্পাদক | সিয়াদ মাহমুদ সালমান |
| প্রচার সম্পাদক | ফরীদ আহমেদ সুমন |

নির্বাচিত হয়েছেন।

এছাড়া মাহবুবুর রহমান রতন,মোবিন ইয়ামিন এমেকা . ও হোসেন ইন্তেজার শিমুলকে কেন্দ্রিয় ছাত্রলীগের সদস্য হিসেবে নির্বাচিত করা হয়েছে।

বাংলাদেশ আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগ, অস্ট্রেলিয়া শাখা আওয়ামিলীগ ও সাবেক অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ ও যুবলীগ নেতাকর্মীগণ এতে পূর্ণ সমর্থন দান করেন ও নতুনদের একতা বজায় রেখে সামনে এগিয়ে যাবার পরামর্শ দান করেন। তাঁদের মতে, বাংলাদেশের রাজনীতিতে এ এক নতুন মাত্রা দান করল এবং এই নতুনদের মঝেই বাংলার রাজনৈতিক ভবিষ্যতের হাল, এই আশাবাদও তাঁরা ব্যক্ত করেন।

দপ্তর সম্পাদক (অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ)

- সিয়াদ মাহমুদ সালমান